তারিখ ... 21 NOV 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৭ ...

সংবাদ

# প্রতিবন্ধীদের শিক্ষা ও কর্মসংস্থানে অন্তর্ভুক্ত করুন

সম্প্রতি রাজধানীতে একসেস বাংলাদেশ ফাউন্ডেশন ও অ্যাকশন এইড বাংলাদেশ যৌথভাবে প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থানে অন্তর্ভুক্তি ও প্রতিবন্ধকতাবিষয়ক জাতীয় সেমিনার আয়োজন করা হয়েছিল। সেমিনারে বক্তারা বলেন, প্রতিবন্ধীবিষয়ক বিশ্বব্যাংকের সর্বশেষ প্রতিবেদন অনুযায়ী প্রতিবন্ধী ব্যক্তিদের শিক্ষা ও কর্মসংস্থানে অন্তর্ভুক্ত না করায় বাংলাদেশের ১.২ বিলিয়ন মার্কিন ডলার আয় ব্যাহত হচ্ছে। যা জিডিপির ১.৭ শতাংশের সমান।

তাই প্রতিবন্ধী ব্যক্তিদের শিক্ষা ও কর্মসংস্থানে অন্তর্ভুক্ত করার জন্য সরকার এবং উন্নয়ন সংস্থার অংশীদারিত্বের ভিত্তিতে সমন্বিত পরিকল্পনা গ্রহণ ও তা বাস্তবায়ন করতে হবে। বক্তারা বলেন, পরিকল্পনা গ্রহণের জন্য প্রয়োজন প্রকৃত তথ্য-উপাত্ত, যার অভাব আছে। তারা সংশ্লিষ্টদের তথ্য-উপাত্ত সংগ্রহে দক্ষ জনশক্তি হিসেবে প্রতিবন্ধীদের তৈরি করার লক্ষ্যে প্রশিক্ষণ, প্রবেশগম্যতা ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির সুপারিশ করেন।

আমাদের সমাজ এবং সমাজ ব্যবস্থার প্রেক্ষাপটে প্রতিবন্ধীদের অবহেলার দৃষ্টিতে দেখা হয়। তাদের কোনো অর্থবহ কাজের সঙ্গে সম্পৃক্ত করা হয় না। কোথাও কোনো ধরনের কাজের মধ্যে তাদের দেখাও যায় না। কারণ সবাই মনে করে তারা কোনো কাজ করতে পারবে না এবং তাদের দ্বারা কিছুই সম্ভব নয়। এ ধরনের একটি প্রবণতা সবার মধ্যে কাজ করে। এ ধরনের ধারণা একেবারেই ভ্রান্ত। অথচ এখন অনেক প্রতিবন্ধী চাকরি করছেন। চাকরি করে স্বাবলম্বী হচ্ছেন। নিজের পায়ে দাঁড়াচ্ছেন। প্রতিবন্ধীদের শিক্ষা এবং কর্মসংস্থান– এ দুটোরই অধিকার রয়েছে। কিন্তু এ দু'ক্ষেত্রেই তারা বঞ্চিত।

বিশ্বের উন্নত দেশগুলোতে প্রতিবন্ধীরাও বিভিন্ন ধরনের উন্নয়নমূলক কাজের সঙ্গে যুক্ত থেকে দেশের উন্নয়নে ভূমিকা রাখছেন। উন্নত দেশগুলোর প্রতিবন্ধীদের যেভাবে মূল্যায়ন করা হয় বাংলাদেশে সেভাবে মূল্যায়ন করা হয় না। সরকারি চাকরির ক্ষেত্রে প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে এক শতাংশ, ৩য় ও ৪র্থ শ্রেণীতে ১০ শতাংশ প্রতিবন্ধী ব্যক্তি নেয়ার কথা থাকলেও যোগ্য ব্যক্তি থাকা সত্ত্বেও তা পূরণ করা হয় না।

আমাদের প্রস্তাব হচ্ছে, প্রতিবন্ধীদের বিশেষ করে যাদের শিক্ষিত করে কর্মসংস্থানে অন্তর্ভুক্ত করা সম্ভব, তাদের শিক্ষিত করে তুলতে হবে এবং তাদের কর্মসংস্থানে অন্তর্ভুক্ত করতে হবে। তাদের দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তুলতে হবে। আর দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলার জন্য সঠিক পরিকল্পনা গ্রহণ করতে হবে এবং এজন্য প্রকৃত তথ্য-উপাত্ত সংগ্রহ করতে হবে।

সমাজ ও রাষ্ট্রের জন্য প্রতিবন্ধীদের অবদান-সক্ষমতা অস্বীকার করার উপায় নেই।